

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩

১/ বিবিধ

আরবী

همة الرجال تزيل الجبال ليس بحديث

قال الشيخ إسماعيل العجلونى في "كشف الخفاء ": لم أقف على أنه حديث، لكن نقل بعضهم عن الشيخ أحمد الغزالي أنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: "همة الرجال تقلع الجبال " فليراجع

قلت: قد راجعنا مظانه في كتب السنة فلم نجد له أصلا، وإيراد الشيخ أحمد الغزالي له لا يثبته، فليس هو من المحدثين، وإنما هو مثل أخيه محمد من فقهاء الصوفية، وكم في كتاب أخيه " الإحياء" من أحاديث جزم بنسبتها إلى النبي صلى الله عليه وسلم وهي مما يقول الحافظ العراقي وغيره فيها: لا أصل له منها

বাংলা

৩। পুরুষদের ইচ্ছা (মনোবল) পর্বতমালাকে স্থানচ্যুত করতে পারে।

এটি হাদীস নয়।

ইসমাঈল আজলুনী "কাশফুল খাফা" গ্রন্থে বলেনঃ এটি যে হাদীস তা অবহিত হতে পারিনি। তবে কোন ব্যক্তি শাইখ আহমাদ গাযালীর উদ্ধৃতিতে বলেছেন যে, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ (الجبال 'পুরুষদের মনোবল পর্বতমালার উচ্ছেদ ঘটাতে পারে'

আমি (আলবানী) বলছিঃ সুন্নাতের গ্রন্থগুলো খুঁজেছি এর (হাদীসটির) কোন অস্তিত্ব পাইনি। শাইখ আহমাদ গাযালী



কর্তৃক হাদীস বলে উল্লেখ করাটা তাকে সাব্যস্ত করে না। কারন তিনি মুহাদ্দিসদের দলভুক্ত নন, বরং তিনি তার ভাই মুহাম্মাদের ন্যায় সূফী সম্প্রদায়ভুক্ত একজন ফকীহ ছিলেন। তার ভাই কর্তৃক রচিত "আল-ইয়াহিয়া" গ্রন্থে কতইনা হাদীস নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর উদ্ধৃতিতে দৃঢ়তার সাথে বলা হয়েছে এগুলো হাদীস। অথচ সেগুলোর কোন ভিত্তি নেই। যেমনিভাবে হাফিয ইরাকীও আরো অনেকে বলেছেন। সেগুলোর একটি নিম্নের হাদীসটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন